

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা

স্মারক নং-স্বাসবি/ইপ/জঃমঃনিঃ/বিঃ-১/২০০৮/৪২২


তারিখঃ ৩০-১০-২০১২ খ্রিঃ

বিষয় : অনলাইন জন্ম নিবন্ধন কার্যক্রম দ্রুত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১০ সালের অক্টোবর হতে ৯টি জেলায় ও পরবর্তীতে ২০১১ সালের মে মাস হতে আরো ২০টি জেলায় অনলাইন জন্ম নিবন্ধন (Online BRIS) কার্যক্রম আরম্ভ হয়। এ সকল জেলার ২৭টি জেলায় ইউনিসেফ কর্তৃক ও একটি জেলায় প্ল্যান-বাংলাদেশ কর্তৃক খাতায় লিখিত জন্ম তথ্য কম্পিউটারে এন্ট্রির জন্য পারিশ্রমিক প্রদান করা হয়েছিল। অবশিষ্ট ৩৬টি জেলায় সম্প্রতি অনলাইন জন্ম নিবন্ধন কার্যক্রম পর্যায়ক্রমে শুরু হয়েছে। কোন উন্নয়ন সহযোগী সংস্থা বর্তমানে ডাটা এন্ট্রির জন্য পারিশ্রমিক প্রদান করছে না। ফলে নিবন্ধকগণকে জন্ম নিবন্ধন খাতে আহরিত ফিসের অর্থ দিয়ে ডাটা এন্ট্রির ব্যয় নির্বাহ করতে হবে। বেশীরভাগ নিবন্ধকের কার্যালয়েই ডাটার তুলনায় বেশী পরিমাণে জন্ম নিবন্ধন ফি জমা আছে। কোন কোন ক্ষেত্রে টাকার ঘাটতি দেখা দিলে এডিপি-তে বরাদ্দকৃত ১% হতে অর্থ এ কাজে ব্যয় করা যাবে।

ইতোমধ্যে দেশের ৫ কোটি ১২ লক্ষের অধিক জন্ম তথ্য অনলাইনভুক্ত হয়েছে। ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে সকল জন্ম তথ্য ডিজিটালভুক্ত করতে হবে। সে লক্ষ্যে জন্ম নিবন্ধন ডাটাসমূহ দ্রুত অনলাইনভুক্তকরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলোঃ

- ৩১ অক্টোবর ২০১২ এর মধ্যে সকল জন্ম নিবন্ধকের কার্যালয়ে Online BRIS আরম্ভ করতে হবে।
- Online BRIS প্রশিক্ষণ প্রাপ্তির পর ম্যানুয়েল খাতায় জন্ম বা মৃত্যু নিবন্ধন না করে সরাসরি অনলাইনে করতে হবে।
- আগামী ৩০ জুন ২০১৩ এর মধ্যে সকল ম্যানুয়েল জন্ম নিবন্ধন তথ্য Online BRIS এ অন্তর্ভুক্ত করতে হবে এবং উক্ত তারিখের পরে হাতে লিখা জন্ম নিবন্ধন সনদ গ্রহণযোগ্য হবেনা।
- জন্ম নিবন্ধন খাতে আহরিত ফিস দিয়ে ম্যানুয়েল জন্ম নিবন্ধন ডাটাসমূহ অনলাইনে এন্ট্রির ব্যয় নির্বাহ সম্ভব না হলে প্রয়োজনে এডিপি-তে জন্ম নিবন্ধন খাতে বরাদ্দকৃত ১% অর্থ এই কাজে ব্যয় করা যাবে।


(আবু তাহের মুহাম্মদ জাবের)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৪১৯০

কার্যার্থেঃ

১. মেয়র, সকল সিটি কর্পোরেশন।
২. মেয়র, সকল পৌরসভা।
৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।
৪. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, সকল ক্যান্টনমেন্ট।

জ্ঞাতার্থেঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব,বিভাগ/মন্ত্রণালয়।
৪. বিভাগীয় কমিশনার (সকল)
৫. প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. উপ-নিয়ন্ত্রক, সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। আদেশটি সরকারী গেজেটে মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।